দৈনিক সংবাদ

তারিখ ... 07 JUN 1989
পৃষ্ঠা...07 JUN 1989
কলাম... ... ...

106

৩৭

## আরো বিশ্ববিদ্যালয় চাই

গত মাসে ঢাকা ভার্সিটিতে ভর্তি পরীক্ষা হল। আমি শুধু 'ঘ' ইউনিটে পরীক্ষা দিয়েছি। 'ঘ' ইউনিটের পরীক্ষার্থীর সংখ্যা ছিল প্রায় সতের হাজার অথচ ভর্তি করা হবে চারশ'।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এবার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করছে সাতাশ হাজার ছেলে-মেয়ে, ভর্তি করা হবে তিনশ' তিরিশ জন। এই যে বিপুল সংখ্যক ছেলেমেয়ে দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠে অধ্যয়নের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে তারা করবে কি? এর জবাব আমরা কার কাছে পাব?

নেপালে লোকসংখ্যা দু'কোটি কিন্তু সেখানে বিশ্ববিদ্যালয় পনেরটি। আমাদের দেশের লোকসংখ্যা এগার কোটির ওপর, এখানে বিশ্ববিদ্যালয় সাতটি।

সরকার সম্প্রতি খুলনায় ভার্সিটি ও মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন।

(২-এর পাতায় দেখুন)

## চিঠিপত্র

(৪র্থ পাতার পর)

এটা প্রশংসনীয় পদক্ষেপ।

আমাদের আবেদন দেশের বিরাট সংখ্যক ছাত্র-ছাত্রীর কথা বিবেচনা করে আরো ভার্সিটি নির্মাণ করে বঞ্চিত ছাত্র-ছাত্রীর শিক্ষাদান ও উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে সহায়তা করুন।

জিয়া হাসান,
৪৯৯/২ বড় মগবাজার,
ঢাকা--১২১৭